CCC-50

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 17 JAN 1996 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 4 ...

শিক্ষক হত্যার বিচার চাই

# ছাত্র-শিক্ষকদের সন্ত্রাস বিরোধী মৌন মিছিল ॥ প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি প্রদান

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** তাঁদের মুখে ছিল কালো কাপড় বাঁধা। 'শিক্ষক হত্যার বিচার চাই' সংবলিত পোস্টার ছিল বুকে-পিঠে। হাতে সন্ত্রাসবিরোধী স্লোগান লেখা প্ল্যাকার্ড। সবার গন্তব্য প্রধানমন্ত্রীর সচিবালয়ের দিকে, তাঁর কাছে সন্ত্রাস নির্মূলের দাবি জানিয়ে স্মারকলিপি পেশ।

মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে জোয়ারের মতো প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে যাত্রা শুরু করেছিল চার সহস্রাধিক ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী। সন্ত্রাসবিরোধী এ অরাজনৈতিক কর্মসূচীকে সমর্থন জানিয়ে র‍্যালিতে অংশ নেয় বিভিন্ন সংগঠন। তবে কোন ছাত্র সংগঠন বা ছাত্রনেতাকে এ কর্মসূচীতে দেখা যায়নি।

অর্থনীতি বিভাগের তরুণ শিক্ষক নোবান হত্যাকাণ্ডের

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## ছাত্র-শিক্ষকদের

(প্রথম পাতার পর)

বিচার দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি পূর্বঘোষিত কর্মসূচীর অংশ হিসাবে গতকাল মৌন মিছিল ও প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করে। বেলা সোয়া দশটায় ঢাকা বিশ্ববিদ্যালয় অপরাজেয় বাংলার সামনে থেকে শুরু হয় র‍্যালি। অপরাজেয় বাংলা থেকে টিএসসি হয়ে শাহবাগ পিজি হাসপাতাল পর্যন্ত দুই লাইনের এ র‍্যালী ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসবিরোধী স্মরণকালের বৃহৎ কর্মসূচী। এতে ছাত্রদের তুলনায় ছাত্রীদের অংশগ্রহণ ছিল বেশি। র‍্যালির সামনে সন্ত্রাসের কাছে অসহায় মানুষের প্রতীক হিসাবে এগারো ছাত্রী মুখমণ্ডল কালো কাপড় দিয়ে আবৃত করে। তাদের সামনে লেখা ছিল 'শিক্ষক হত্যার বিচার চাই' সংবলিত প্লাকার্ড।